BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
" Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজিএ/কাস/২০২২/১৫৯ ২৪ জুলাই, ২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়: জাতীয় রাজস্ব বোর্ড এর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস সংক্রান্ত সেবা সহজীকরণের লক্ষ্যে ১৬১৩৪ হটলাইন নম্বর চালুকরণ প্রসঙ্গে।**

এতদ্বারা সম্মানিত সকল সদস্যের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি সহজীকরণ এবং দ্রুততম সময়ে ঝুঁকি হ্রাসপূর্বক রাজস্ব আহরনের লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যবহার করা হয়। আমদানি-রপ্তানি প্রক্রিয়া সংশ্লিষ্ট সকল অংশীজন যেন অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস সংক্রান্ত সকল বিষয়ে দ্রুততম সময়ে কাঙ্ক্ষিত সেবা পান সে লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১৬১৩৪ হটলাইন নম্বর চালু করা হয়েছে। এ হটলাইনের মাধ্যমে কাস্টমস সংক্রান্ত সেবা, সেবা সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল তথ্য ও পরামর্শসহ দেশে বিদ্যমান কাস্টমস সংক্রান্ত আইন ও বিধি-বিধান সম্পর্কে জানা যাবে। হটলাইনের কার্যক্রম প্রতি কর্মদিবসের সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চালু রয়েছে এবং হটলাইনে সেবা পেতে নিয়মিত কল চার্জ প্রযোজ্য হবে।

এ সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০(অংশ-১)/৪০০ তারিখ-২৪/০৭/২০২২ইং প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

২৪/৭/২০২২

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০(অংশ-১)/৪০০ তারিখ: ২৪.০৭.২০২২ খ্রি.

বিষয়: জাতীয় রাজস্ব বোর্ড এর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস সংক্রান্ত সেবা সহজীকরণের লক্ষ্যে ১৬১৩৪ হটলাইন নম্বর চালুকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আমদানি-রপ্তানি প্রক্রিয়া সহজীকরণ এবং দ্রুততম সময়ে ঝুঁকি হ্রাসপূর্বক রাজস্ব আহরণের লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যবহার করা হয়। বর্তমানে জাতীয় রাজস্ব বোর্ডের অধিভুক্ত ০৬ (ছয়) টি কাস্টম হাউস, ২৬ (ছাব্বিশ) টি কাস্টমস স্টেশন, ২০ (বিশ) টি অফ-ডক এবং ইপিজেডসমূহে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর মাধ্যমে শুল্কায়ন কার্যক্রম চালু রয়েছে। কাস্টমস অফিসগুলোতে কর্মরত কর্মকর্তাগণ, বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক, বাংলাদেশ বিমান, শিপিং এজেন্ট, সিএন্ডএফ এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার্স, ফিডার অপারেটর এবং সকল কমার্শিয়াল ব্যাংকসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এই সিস্টেমের প্রাত্যাহিক ব্যবহারকারী। ভবিষ্যতে আরো সরকারি বেসরকারি সংস্থার সাথে আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে আমদানি-রপ্তানি প্রক্রিয়া অধিকতর ডিজিটাল ব্যবস্থায় রূপান্তর করা হবে।

০২। আমদানি-রপ্তানি প্রক্রিয়া সংশ্লিষ্ট সকল অংশীজন যেন অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এবং কাস্টমস সংক্রান্ত সকল বিষয়ে দ্রুততম সময়ে কাঙ্ক্ষিত সেবা পান সে লক্ষ্যে ১৬১৩৪ হটলাইন নম্বর চালু করা হয়েছে। এ হটলাইনের মাধ্যমে কাস্টমস সংক্রান্ত সেবা, সেবা সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল তথ্য ও পরামর্শসহ দেশে বিদ্যমান কাস্টমস সংক্রান্ত আইন ও বিধি-বিধান সম্পর্কে জানতে পারছেন। হটলাইনের কার্যক্রম প্রতি কর্মদিবসের সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চালু রয়েছে এবং হটলাইনে সেবা পেতে নিয়মিত কল চার্জ প্রযোজ্য রয়েছে।

০৩। উল্লেখ্য যে, বিগত ১৫ই মে, ২০২২ খ্রি. তারিখ হতে বর্ণিত হটলাইন নম্বর হতে সেবা পাওয়া যাচ্ছে। কাস্টমস সংশ্লিষ্ট সকল অংশীজনদের বিভিন্ন জিজ্ঞাসা, সমস্যার সমাধান এবং আমদানি রপ্তানি প্রক্রিয়ায় গতিশীলতা আনয়নের লক্ষ্যে হটলাইন নম্বর ব্যবহারের মাধ্যমে সেবা গ্রহণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

24.07.2022

[রাকিবুল হাসান]
প্রথম সচিব
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ফোন- ০২-৪৮৩১৮১২০-৬/এক্স- ৪১১
ই-মেইল- ss.asycuda@gmail.com

**প্রাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
০২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম- ৪১০০।

E:\Asycuda\Note sheet\call center inaguration.doc

০৩। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা- ৯৩৫১, মোংলা, বাগেরহাট।
০৪। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কারওয়ান বাজার, ঢাকা।
০৫। কমান্ডার, চিটাগাং নেভাল এরিয়া (COMCHIT), নেভাল স্টোর ডিপো, নিউ মুরিং, চট্টগ্রাম- ৪২১৮।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, সোনালী ব্যাংক ভবন, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম- ৪১০০।
০৮। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা, কুর্মিটোলা, ঢাকা- ১২২৯।
০৯। ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
১০-১৫। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও।
১৬-২৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/সিলেট/কুমিল্লা/ঢাকা (পশ্চিম)/রাজশাহী/ রংপুর/যশোর/খুলনা/চট্টগ্রাম/বৃহৎ করদাতা ইউনিট।
২৬-২৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
২৮। মহাপরিচালক, সিআইসি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৯। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।
৩০। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, মগবাজার, ঢাকা।
৩১। মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা।
৩২। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৩। প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৪। দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৫। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৩৬-৪১। সভাপতি, সিএন্ডএফ এজেন্টস অ্যাসোসিয়েশন, ঢাকা/চট্টগ্রাম/আইসিডি/পানগাঁও/বেনাপোল/মোংলা।
৪২। সভাপতি, শিপিং এজেন্টস অ্যাসোসিয়েশন, চেম্বার হাউস (৩য় তলা), ৩৮ আগ্রাবাদ শি/এ, চট্টগ্রাম- ৪১০০।
৪৩। সভাপতি, শিপিং এজেন্টস অ্যাসোসিয়েশন, আনসারি কমপ্লেক্স (৩য় তলা), ১৬০ শের-ই-বাংলা রোড, খুলনা।
৪৪। সভাপতি, ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, বাড়ি নং- ১০ (২য় ও ৩য় তলা), রোড নং- ১৭/এ, ব্লক-ই, বনানী, ঢাকা- ১২১৩।
৪৫। সভাপতি, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো অ্যাসোসিয়েশন, আক্তারুজ্জামান সেন্টার (৮ম তলা), ২১-২২ আগ্রাবাদ, শি/এ, চট্টগ্রাম।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (বিষয়টি প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়াতে প্রচারের অনুরোধসহ)।
৩। ব্যবস্থাপনা পরিচালক, এক্সপ্রেস সিস্টেম লিমিটেড, ঢাকা (হটলাইন নম্বর চালুকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। পিএ-টু সদস্য, কাস্টমস ও ভ্যাট (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।